

প্রশ্নঃ ৫০২. বিবাহ রেজিস্ট্রি খাতায় কাজী সাব 18 নম্বর কলামে বিভিন্ন শর্তনামা দিয়ে তালাক অনুমতি দিয়েছে বলে লিখে দেয় ওই ক্ষেত্রে অনেক স্বামী জানে বা অনেক স্বামী জানে না প্রশ্ন হচ্ছে এই অনুমতিতে স্বামীকে স্ত্রীর নোটিশ পাঠিয়ে তালাক দিতে পারবে কিনা আর নোটিশ পাঠালে স্বামীর সাইন করা বা আবশ্যিক না সাইন ছাড়া হয়ে যাবে

নিয়ম মেনে রেজিস্ট্রি খাতা পূরণ করে থাকলে শর্ত পাওয়া সাপেক্ষে স্ত্রী নিজের উপর তালাক গ্রহণ করতে পারবে। তালাক দিবে না, কেননা মহিলা তালাক দেওয়া অধিকার রাখে না। তাফযীয তালাকের শর্ত পাওয়া গেলে তালাক গ্রহণের জন্য নোটিশ পাঠানো বা সাইন করার শরয়ী কোন বাধ্যবাধকতা নেই।

جعل الطلاق بيد الزوج لا بيد الزوجة إن الذى يملك الطلاق إنما هو الزوج.... ولا تملكه الزوجة إلا بتوكيل من الزوج أو تفويض منه (الفقه الإسلامى وأدلته- 7/347، 355)

কাবিন নামায় কি লেখা আছে তা না জেনে সাইন করলে সে সাইন দ্বারা তাফযীয তালাকের অনুমতি প্রদান হবে না।

كُلُّ كِتَابٍ لَمْ يَكْتُبْهُ بِخَطِّهِ وَلَمْ يَمْلُئْهُ بِنَفْسِهِ لَا يَقَعُ بِهِ الطَّلَاقُ إِذَا لَمْ يُقَرَّرْ أَنَّهُ كِتَابُهُ كَذَا فِي الْمُحِيطِ (الفتاوى الهندية، - 1/379، (المحيط البرهاني، - 4/486، تاتارخانية، - 3/380)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

